উপজেলা পরিষদ
জৈন্তাপুর, সিলেট।

উপজেলা পরিষদ, জৈন্তাপুর,সিলেট এর নভেম্বর/২০২৪ইং মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : উম্মে সালিক রুমাইয়া, প্রশাসক, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
তারিখ : ২১/১১/২০২৪ খ্রিষ্টাব্দ
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিস্ট -খ

সভাপতি আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। অদ্যকার সভার কার্যপত্র মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন।	আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীতে কোন রূপ সংশোধনী না থাকায় সভায় অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর,সিলেট।
০২	গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
০৩	বিভিন্ন রাজস্ব ব্যয় অনুমোদন	(ক) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসারদের সেপ্টেম্বর/২৪ইং ও অক্টোবর/২৪ইং মাসের গ্যাস সিলিন্ডার ক্রয়ের বিল এবং আনসারদের বিদ্যুৎ বিল বাবদ সর্বমোট ৬,০০০/- (ছয় হাজার) টাকার বিল সহ নিয়মিত ও নির্ধারিত বিভিন্ন বিল সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত বিলসমূহ পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ক) আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত বিল সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার জৈন্তাপুর,সিলেট।
০৪	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	(ক) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	(ক) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		(খ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৯নভেম্বর ২০২৪খ্রিঃ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪৫. ২০.০০২.২৪-১৭৬ নং স্মারকে চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস,বাসা-বাড়ী, গ্যারেজ,অভ্যন্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত উপখাত হতে ১ম কিস্তি টাকা হতে জৈন্তাপুর উপজেলার অনুকুলে ৩৯.০০(উনচল্লিশ) লক্ষ টাকা ছাড়ের মঞ্জুরী প্রদান করা হয়েছে। উক্ত মঞ্জুরীর প্রেক্ষিতে ১ম পর্যায়ে উপজেলা পরিষদের নিম্নোল্লেখিত ৩টি কাজ সমূহ পাশে উল্লেখিত বরাদ্দ মোতাবেক বাস্তবায়ন করা যেতে পারে। ১) উপজেলা পরিষদের প্রধান ফটকসহ গেইট মেরামত-৬,০০,০০০/- ২) উপজেলা পরিষদের আবাসিক ভবন সমূহের পানি সরবরাহের লাইন মেরামত - ৬,০০,০০০/- ৩) উপজেলা পরিষদের সুয়ারেজ লাইন মেরামত – ৬,০০,০০০/- সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(খ) আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের মঞ্জুরী পত্রের নির্দেশনা মোতাবেক উল্লেখিত প্রকল্প সমূহ আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
		(গ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, শাপলা বিলের সড়কের অবস্থা খুবই খারাপ। তাই জরুরী ভিত্তিতে উক্ত সড়ক মেরামত করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে রাজস্ব উদ্বৃত্ত খাত হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে জরুরী ভিত্তিতে উক্ত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
		(ঘ) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, রামপ্রসাদ পশ্চিমসরুখেল রাস্তায় ১০০০.০০ মিঃ চেইনেজে নতুন ব্রীজ নির্মানের জন্য ঠিকাদার নির্বাচিত হয়েছে। এমতাবস্থায়, উক্ত স্থানে বিদ্যমান Damaged ব্রীজটি অপসারন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) আলোচনান্তে উপস্থাপিত বিদ্যমান Damaged ব্রীজটি নিলামের মাধ্যমে অপসারন করার জন্য সিদ্ধান্ত সহ সর্বসম্মতিতে অনুমোদিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।
০৫	উপজেলা কৃষি বিভাগ	(ক) উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলার প্রান্তিক ও ক্ষুদ্র পর্যায়ে কৃষকদের সরিষা বীজ প্রদান করা হলে বিপুল পরিমান সরিষা উৎপাদন করা সম্ভব হবে। উক্ত বীজ প্রদানে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দের প্রয়োজন। অত্র উপজেলার প্রান্তিক ও ক্ষুদ্র পর্যায়ে কৃষকদের সরিষা বীজ প্রদান কার্যক্রমে অর্থায়নের জন্য তিনি উপজেলা পরিষদের সহযোগিতা	(ক) আলোচনান্তে অত্র উপজেলার প্রান্তিক ও ক্ষুদ্র পর্যায়ে কৃষকদের সরিষা বীজ প্রদান কার্যক্রম বাস্তবায়নে চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট।

CamScanner

		কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (খ) চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি সভাকে জানান যে, চারিকাটা ইউনিয়নের সারের ডিলার সার দরবস্ত বাজারে বসে বিক্রি করেন। ফলে ইউনিয়নের বেশিরভাগ উপকারভোগীদের সার সংগ্রহ করা কষ্টকর হয়ে পড়ে। তাই চারিকাটা ইউনিয়নের সারের ডিলারকে চারিকাটা ইউনিয়নে বসে সার বিক্রি করতে হবে। তা না হলে সারের ডিলার পরিবর্তন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে চারিকাটা ইউনিয়নের সারের ডিলার চারিকাটা ইউনিয়নে বসে সার বিক্রি না করলে ঐ ডিলার পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা জৈন্তাপুর,সিলেট।
০৬	উপজেলা মৎস্য বিভাগ	(ক) উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, অত্র উপজেলার যে সকল খাল,বিল মৃতপ্রায় অথবা খনন করা প্রয়োজন তার তালিকা করা প্রয়োজন। উপজেলা মৎস্য দপ্তরের মাধ্যমে সরকারের প্রকল্পের আওতায় মৃতপ্রায় খনন উপযোগী খাল বিলের তালিকা প্রেরণ করা হবে। এ ব্যপারে তিনি সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি সভাকে জানান যে, দরবস্তের বড়দীঘির পাশের খাল খননের আওতায় আনা যেতে পারে।	আলোচনান্ত অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের যে সকল খাল,বিল মৃতপ্রায় অথবা খনন করা প্রয়োজন তার তালিকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) জৈন্তাপুর,সিলেট।
০৭	বিবিধ	(ক) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধে সরাসরি কৃষক পর্যায় থেকে ভোক্ত পর্যায়ে পন্য সামগ্রী পৌছানোর জন্য সপ্তাহে একদিন উপজেলায় মেলা করা যেতে পারে। উক্ত মেলায় কোন মধ্যস্বত্বভোগী ব্যাতিত যাতে কৃষকরা তাদের পন্য সরাসরি ভোক্তার কাছে পৌছাতে পারে এমন সুযোগ তৈরী করে দেয়া যেতে পারে। সভায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (খ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন সরকারী দপ্তরের সেবা সম্পর্কে জানানোর বিষয়ে ক্যাম্পেইন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) আলোচনান্তে বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধে সরাসরি কৃষক পর্যায় থেকে ভোক্ত পর্যায়ে পন্য সামগ্রী পৌছানোর জন্য সপ্তাহে একদিন উপজেলায় মেলা করার বিষয়ে পরবর্তীতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের সাথে আলোচনাক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) আলোচনান্তে বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন সরকারী দপ্তরের সেবা সম্পর্কে জানানোর বিষয়ে ক্যাম্পেইন করার বিষয়ে আলোচনাক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) জৈন্তাপুর,সিলেট। উপজেলা নির্বাহী অফিসার, বিভাগীয় প্রধান (সকল) ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ

CamScanner

				(সকল) জৈন্তাপুর,সিলেট।
		(গ) উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, বিজয়ের মাস উপলক্ষ্যে উপজেলায় এক দিনের বিজয় মেলা করতে হবে। উক্ত মেলা আয়োজন ও বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(গ) আলোচনান্তে বিজয় মেলা আয়োজন ও বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) জৈন্তাপুর,সিলেট।
		(ঘ) চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি সভাকে জানান যে, সরুখেল-নয়াখেল রাস্তায় সমছুল করিমের বাড়ীর সামনা হইতে পশ্চিম দিকের রাস্তা ও ইটাখাল থুবাং রাস্তাসহ বিভিন্ন রাস্তায় মাটি ভরাটের কাজ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।	(ঘ) আলোচনান্তে সরুখেল-নয়াখেল রাস্তায় সমছুল করিমের বাড়ীর সামনা হইতে পশ্চিম দিকের রাস্তা ও ইটাখাল থুবাং রাস্তাসহ বিভিন্ন রাস্তায় মাটি ভরাটের কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী-কে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী জৈন্তাপুর,সিলেট।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১১/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
জৈন্তাপুর, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৫৩.০০৩.০৩.২০১৭.১৪.৬৪৫৭(৪০) তারিখ : ২১ / ১১ / ২০২৪খ্রি.

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। উপজেলা ---------- কর্মকর্তা (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৫। চেয়ারম্যান, ---------- (সকল), জৈন্তাপুর, সিলেট।
০৬। অফিস কপি।

২১/১১/২০২৪

উম্মে সালিক রুমাইয়া
উপজেলা নির্বাহী অফিসার
জৈন্তাপুর, সিলেট।

CamScanner

পরিশিষ্ট 'ক'

৬ষ্ঠ উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ ইং মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

ক্রঃ নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব বাহারুল আলম বাহার	চেয়ারম্যান, ৪নং দরবস্ত ইউপি	স্বাক্ষরিত
০২	জনাব রফিক আহমদ	চেয়ারম্যান, ৫নং ফতেপুর ইউপি	স্বাক্ষরিত
০৩	জনাব মোঃ বিলাল আহমদ	উপজেলা সমন্বয়কারী, AVCB-3	
০৪	জনাব সবিতা দেবী	খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর	স্বাক্ষরিত
০৫	জনাব ফখরুল ইসলাম	চেয়ারম্যান, ২নং জৈন্তাপুর ইউপি	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ রুহুল আমিন	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ আজিজুল হক খোকন	উপজেলা একাডেমিক সুপারভাইজার	স্বাক্ষরিত
০৮	জনাব আব্দুল্লাহ আল মামুন	সহকারী প্রোগ্রামার, আইসিটি	স্বাক্ষরিত
০৯	জনাব মোঃ শরীফ উদ্দিন	উপজেলা সমবায় অফিসার	স্বাক্ষরিত
১০	জনাব মোঃ আব্দুল খালিক	বন কর্মকর্তা, সারী বিট	স্বাক্ষরিত
১১	জনাব শামীমা আক্তার	উপজেলা কৃষি কর্মকর্তা	স্বাক্ষরিত
১২	জনাব তিষান আক্তার	তথ্যসেবা কর্মকর্তা (ভারপ্রাপ্ত)	স্বাক্ষরিত
১৩	জনাব তাসলিমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	স্বাক্ষরিত
১৪	জনাব মোঃ আল আমিন	ফায়ার ফাইটার, ফায়ার সর্ভিস, জৈন্তাপুর	স্বাক্ষরিত
১৫	জনাব সজল চাকলাদার	আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	স্বাক্ষরিত
১৬	জনাব মোঃ জুলহাস	উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা	স্বাক্ষরিত
১৭	জনাব এ,কে,এম রিয়াজ মাহমুদ	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)	স্বাক্ষরিত
১৮	জনাব অলিউর রহমান	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
১৯	জনাব মোঃ মিজানুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
২০	জনাব ডাঃ হাসিন আহমেদ চৌধুরী	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	স্বাক্ষরিত
২১	জনাব ডাঃ মোঃ সাইফুল ইসলাম	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা	স্বাক্ষরিত
২২	জনাব রেন্টু পুরকায়স্থ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	স্বাক্ষরিত
২৩	জনাব মোঃ ইন্তাজ আলী	চেয়ারম্যান, ১নং নিজপাট ইউপি	স্বাক্ষরিত
২৪	জনাব মোঃ সুলতান করিম	চেয়ারম্যান, ৩নং চারিকাটা ইউপি	স্বাক্ষরিত
২৫	জনাব মোঃ আজিজুর রহমান	ইউডিএফ,এলজিডি	স্বাক্ষরিত

CamScanner